

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৪০.৯৬-

৪৩৮

০২/০৮/২০১৬  
তারিখ:-----স্বি:।

বিষয়ঃ মরহম মোতাহার হোসেন, প্রাক্তন মৎস্য সহকারী-এর আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরী প্রসঙ্গে।

যুব উন্নয়ন অধিদপ্তরাধীন বান্দরবান যুব প্রশিক্ষণ কেন্দ্রের মৎস্য সহকারী জনাব মোঃ মোতাহার হোসেন চাকুরিতে কর্মরত থাকা অবস্থায় ২৯-০৫-২০১৭খ্রিঃ তারিখে মৃত্যুবরণ করেন। মরহমের স্ত্রী জনাব কামরুন নাহার শিমু পারিবারিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর আবেদন করেন। মরহমের মোট পেনশনযোগ্য চাকুরিকাল ২০ বছর ১১ মাস ২৪ দিন এবং তিনি বিধি মোতাবেক ৭৫% হারে পেনশন প্রাপ্য। শেষ বেতন সনদ(এলপিসি) অনুযায়ী তিনি পূর্ণ গড় বেতনে ০১ বছর ১১ মাস ০৫ দিন ও অর্ধ গড় বেতনে ০১ বছর ০৯ মাস ০৭ দিন অর্জিত ছুটি পাওনা রয়েছেন এবং মৃত্যুর অব্যবহিত পূর্বের তারিখে মরহমের মূল বেতন ১৫,২০০/-টাকা। তিনি ১৫,২০০/-টাকার ৭৫% হারে ১১,৪০০/-টাকা মোট অবসরভাতা প্রাপ্য। তিনি অবসরভাতা ১১,৪০০/-টাকার ১ম অর্ধাংশ ৫,৭০০/-টাকার বিনিময় হার ২৩০/-টাকা হিসেবে ৫,৭০০x২৩০ =১৩,১১,০০০/-টাকা আনুতোষিক ও ২য় অর্ধাংশ ৫,৭০০/-টাকা হারে মাসিক অবসরভাতা এবং প্রাপ্য ছুটি নগদায়নপূর্বক ১৮(আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ লাম্পগ্রান্ট বাবদ ১৫,২০০x১৮=২,৭৩,৬০০/-টাকা প্রাপ্য।

২। বর্ণিত অবস্থায়, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ২৭-০১-২০০৯খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩পি-২/২০০৫(অংশ-১)/৫ সংখ্যক স্মারকের মাধ্যমে জারিকৃত পেনশন মঞ্জুরী ও পরিশোধ বিধি ২০০৯ এর অনুঃ-৩.০১ মোতাবেক আনুতোষিক বাবদ ১৩,১১,০০০/- (তের লক্ষ এগার হাজার) টাকা ও ৫,৭০০/- (পাঁচ হাজার সাতশত) টাকা হারে মাসিক অবসরভাতা এবং জাতীয় বেতনস্কেল ২০১৫এর অনুঃ-১০(২)(খ) অনুযায়ী লাম্পগ্রান্ট বাবদ ২,৭৩,৬০০/- (দুই লক্ষ তেরাত্তর হাজার ছয়শত) টাকাসহ সমুদয় অর্থ জনাব কামরুন নাহার শিমু-এর অনুকূলে পরিশোধের মঞ্জুরী অনুমোদনক্রমে প্রদান করা হলো।

৩। মরহমের আনুতোষিক ও মাসিক অবসরভাতা এবং লাম্পগ্রান্ট মঞ্জুরীর জন্য নিম্নলিখিত কাগজপত্র এতদসঙ্গে প্রেরণ করা হলো।

নং	বিবরণ	সংখ্যা
১	পেনশন ফরম-২.২	০১(এক)কপি
২	মৃত্যু সনদ	০১(এক)কপি
৩	নমুন স্বাক্ষর ও হাতের পাঁচ আঙ্গুলের ছাপ	০১(এক)কপি
৪	উত্তরাধিকার সনদপত্র ও নন-ম্যারিজ সার্টিফিকেট	০১(এক)কপি
৫	আনুতোষিক ও অবসরভাতা উত্তোলন করার ক্ষমতা অর্পণ ও অভিযুক্ত মনোনয়ন-এর প্রত্যয়নপত্র	০১(এক)কপি
৬	না-দাবী প্রত্যয়নপত্র(সংযোজনী-৮)	০১(এক)কপি
৭	শেষ বেতন সনদ(এলপিসি)	০১(এক)কপি
৮	মূল চাকুরি বহি।	০১(এক)কপি

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ০৮(আট) কপি।

(আঃ ন, আহম্মদ আলী)  
যুগ্ম-সচিব  
পরিচালক (প্রশাসন ও অর্থ)  
ফোনঃ ৯৫৫০৮৬৩।

জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৫.৪২.১৪০.৯৬-

তারিখ:-----স্বি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা।

২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ৩য় ফেইজ(৫ম তলা), সেপুনবাগিচা, ঢাকা।

৩। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।

৪। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা(আদেশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৬। জনাব কামরুন নাহার শিমু, স্বামীঃ মরহম মোতাহার হোসেন, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, বান্দরবান।

৭। অফিস কপি।

(মোঃ শাহাদাত হোসেন)  
নিরীক্ষা ও হিসাবরক্ষণ অফিসার  
ফোনঃ ৪৭১১০৬৭২।